জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী
হাকিম কোয়ার্টার রোড, মাইজদী, নোয়াখালী
টেলিফোন: ০২৩৩৪৪৯১১৫৫
ইমেইল : zpscnoakhali@gmail.com
ওয়েব সাইট : www.zpscn.edu.bd

নম্বর: জে.প্র.স্কু.ক/মানব.সম্পদ.০০১.২০২৬-০২ তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী এ নিম্নবর্ণিত পদসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বিষয় | পদের সংখ্যা | বয়স (০৮ এপ্রিল, ২০২৬ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী শিক্ষক (মাধ্যমিক শাখা):<br><br>(ক) ইসলাম শিক্ষা-০১<br>(খ) শারীরিক শিক্ষা-০১<br>(গ) গণিত-০১ | ০৩ | অনূর্ধ্ব ৩৫ বছর | (ক ও গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ (৪ এর স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ এর স্কেলে ন্যূনতম ২.৮০) স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি প্রাপ্ত। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>(খ) সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) পদের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে যেকোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ (৪ এর স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ এর স্কেলে ন্যূনতম ২.৮০) স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং শারীরিক শিক্ষা বিষয়ে ট্রেনিং প্রাপ্ত বা খেলাধুলায় জাতীয় বা আঞ্চলিক পর্যায়ে সনদ প্রাপ্ত হতে হবে। তবে এক্ষেত্রে বিপিএড সনদধারীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>সকল পদে শিক্ষকতায় অভিজ্ঞ, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) পরীক্ষায় উত্তীর্ণ, বিএড সনদধারী এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। | গ্রেড: ১০ম (১৬,০০০-৩৮,৬৪০) |
| ০২ | সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা):<br><br>(ক) সাধারণ-০৩<br>(খ) ইংরেজি-০১ | ০৪ | অনূর্ধ্ব ৩৫ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে যেকোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ (৪ এর স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ এর স্কেলে ন্যূনতম ২.৮০) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি প্রাপ্ত। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ (৪ এর স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ এর স্কেলে ন্যূনতম ২.৮০) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি প্রাপ্ত। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। | গ্রেড: ১৩ তম (১১,০০০-২৬,৫৯০) |
| ০৩ | নিরাপত্তা প্রহরী: স্থায়ী-০১ | ০১ | ন্যূনতম ২৫ বছর অনূর্ধ্ব ৪০ বছর | (ক) অষ্টম শ্রেণি পাস।<br>(খ) শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে।<br>(গ) অভিজ্ঞদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | গ্রেড: ২০ তম (৮,২৫০-২০,০১০) |

CamScanner

**<u>আবেদনের শর্তাবলি:</u>**

(১) আগ্রহী প্রার্থীগণ https://zpscn.edu.bd/homes এ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী সংশ্লিষ্ট পদসমূহে অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

(২) আবেদনকারীর বয়স ০৮ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর পদ অনুযায়ী নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি/সমমান সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

(৩) লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ আবেদনে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ এর মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৪) যে কোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(৫) নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(৬) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**(৭) ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের জে.প্র.স্কু.ক/মানব.সম্পদ.০০১.২০২৬-০১ স্মারকমূলের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

**<u>আবেদনের নিয়মাবলী:</u>**

(১) আগ্রহী প্রার্থীগণকে https://zpscn.edu.bd/contents/careers লিংকে প্রবেশ করে অথবা www.zpscn.edu.bd ওয়েবসাইটে প্রবেশ করে career মেনু তে <u>online apply</u> এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণ করে আবেদন করতে হবে।

(২) Online এ আবেদন ফরম পূরণের শুরুর তারিখ ও সময় : ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ, সকাল ০৯:০০ ঘটিকা

(৩) Online এ আবেদন ফরম পূরণের শেষ তারিখ ও সময় : ০৮ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ, রাত ১১:৫৯ ঘটিকা

(৪) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

(৫) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

(৬) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনের একটি কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**<u>আবেদনের ফি জমাদান:</u>**

(১) সহকারী শিক্ষক (মাধ্যমিক শাখা) পদে আবেদনকারীকে =১,০০০/- (এক হাজার) টাকা মাত্র, সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা) পদে আবেদনকারীকে =১,০০০/- (এক হাজার) টাকা এবং নিরাপত্তা প্রহরী পদে আবেদনকারীকে=৫০০/- (পাঁচশত) টাকা মাত্র অনলাইনে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে জমা দিতে হবে।

(২) ফি জমাদানের জন্য আবেদনপত্র view হলে payment এ ক্লিক করে (বিকাশ/নগদ/রকেট/ভিসা কার্ড ইত্যাদি) থেকে জমা দিতে হবে অথবা career এর মেন্যু তে Payment এ Application ID ব্যবহার করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

(৩) ফি জমাদানের সময়সীমা: ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ সকাল ৯:০০ ঘটিকা থেকে ১০ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত।

**<u>প্রবেশপত্র:</u>**

(১) পরীক্ষার স্থান, তারিখ ও সময় www.zpscn.edu.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এছাড়াও যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

(২) আবেদনকারীকে আবেদনপত্রে উল্লেখিত Application ID দিয়ে www.zpscn.edu.bd এ career মেন্যু থেকে Admit Card অপশন থেকে Admit Card ডাউনলোড করতে হবে।

CamScanner

**মৌখিক পরীক্ষার সময় যেসকল প্রয়োজনীয় কাগজপত্র আনতে হবে:**

(১) আবেদনপত্র, (২) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, (৩) অভিজ্ঞতার সনদ (যদি থাকে), (৪) স্কুল শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ (যদি থাকে), (৫) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, (৬) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এর মূল কপি।

উল্লেখ্য যে, সকল সনদের ০১ (এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

২৫.০৩.২০২৬

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক, নোয়াখালী
ও
সভাপতি
জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী
ফোন: ০৩২১-৬১০২১
ই-মেইল: dcnoakhali@mopa.gov.bd

তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: জে.প্র.স্কু.ক/মানব.সম্পদ.০০১.২০২৬-০২

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
০৩। প্রশাসক, পৌরসভা (সকল), নোয়াখালী [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৫। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৬। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী
০৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী
০৮। সহকারী কমিশনার, শিক্ষা কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
০৯। প্রধান শিক্ষক, জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী
১০। সম্পাদক, ............................ পত্রিকা, নোয়াখালী [বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
১১। অফিস কপি

২৫.০৩.২০২৬
জেলা প্রশাসক
নোয়াখালী

CamScanner